গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ
(এনটিআরসিএ)

...

| | |
|---|---|
| সভাপতি | এ এস এম জাকির হোসেন<br>সদস্য (প্রশাসন ও অর্থ ) |
| সভার তারিখ | ১৬ নভেম্বর ২০২১ খ্রি: |
| সভার সময় | সকাল ১২.৩০ টায় |
| স্থান | এনটিআরসিএ-এর সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’ |

সদস্য (প্রশাসন ও অর্থ) এনটিআরসিএ APA কমিটির সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয় ২য় কোয়ার্টারের অগ্রগতি বিষয়ক পর্যালোচনা সভায় বিভিন্ন বিষয় তুলে ধরেন। তিনি এনটিআরসিএ কর্তৃক APA এর কর্মসম্পাদন সূচকের মানের প্রকৃত অর্জন কতটুকু সে বিষয় সম্পর্কিত আলোচনার জন্য উপপরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)-কে সভায় উপস্থাপনের জন্য বলেন। উপপরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) এনটিআরসিএ এর ২য় কোয়ার্টারের ত্রৈমাসিক কার্যক্রম কর্মসম্পাদনের সূচকের মান ও প্রকৃত অর্জন বিস্তারিতভাবে সভায় তুলে ধরেন। তিনি আরও উল্লেখ করেন ১ম কোয়ার্টারের ত্রৈমাসিক রিপোর্ট ইতোমধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ১. শিক্ষক নিবন্ধন পরীক্ষার অগ্রগতি সম্পর্কিত আলোচনা। | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষক চাহিদা নিরূপনে প্রতিযোগিতামূলক পরীক্ষা গ্রহণের মাধ্যমে এনটিআরসিএ শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ করে আসছে। জানুয়ারী ২০২০ এ ১৭তম নিবন্ধন পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। প্রার্থীদের নিকট হতে অনলাইনে মোট ১১,৭২,২৮৬ জন আবেদনকারীর আবেদন জমা পড়েছে। কিন্তু বর্তমান বৈশ্বিক পরিস্থিতি অর্থাৎ অতিমারী করোনার কারণে ১৭তম নিবন্ধন পরীক্ষার বিষয়ে কোন সিদ্ধান্ত গ্রহণ করা সম্ভব হয়নি। পরীক্ষা গ্রহণের পূর্ব প্রস্তুতি হিসেবে আমরা ইতোমধ্যে বিষয়ভিত্তিক শূন্য পদের তালিকা সংগ্রহ করা হচ্ছে। শিক্ষক নিবন্ধন পরীক্ষার কর্মসম্পাদনের সূচকের মান নির্ধারিত ২৫ নম্বর অর্জন করার জন্য আমাদের অবশ্যই শিক্ষক নিবন্ধন পরীক্ষার সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে। | পরীক্ষা গ্রহণের বিষয়ে সিলেবাস হালনাগাদকরণ, সম্পূরক বিজ্ঞপ্তি প্রকাশ করে স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষা গ্রহণ করা যেতে পারে। | পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন অনুবিভাগ, এনটিআরসিএ, ঢাকা। |

| | | | |
|---|---|---|---|
| ২. এনটিআরসিএ কর্তৃক দক্ষ ও মানসম্মত শিক্ষক নিয়োগে অগ্রগতি বিষয়ক আলোচনা। | এনটিআরসিএ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে যোগ্য ও দক্ষ শিক্ষক নিয়োগের লক্ষ্যে দেশব্যাপী প্রতিযোগিতামূলক শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণের মাধ্যমে মেধাভিত্তিক শিক্ষক বাছাইয়ে নিরলসভাবে কাজ যাচ্ছে। এনটিআরসিএ কর্তৃক ২০১৯ সালে ৩ দফায় ৩১,৬৬৫ জনকে সুপারিশ করা হয়েছে। গত ৩০ মার্চ ২০২১ তারিখ প্রকাশিত ৩য় গণবিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। দেশের স্মরণকালে সর্ববৃহৎ নিয়োগের লক্ষ্যে ৫৪,৩০৪ টি শূন্যপদে আবেদনের বিপরীতে ৩৮২৮৩ জন প্রার্থীকে প্রাথমিকভাবে নির্বাচিত করা হয়েছে। পুলিশ/সিকিউরিটি ভেরিফিকেশনের জন্য প্রার্থীর সুরক্ষা ও সেবা বিভাগ কর্তৃক ভি-রোল যাচাই ইতোমধ্যে শেষ হয়েছে। | নির্দিষ্ট সময়ের মধ্যেই চূড়ান্ত নিয়োগ প্রক্রিয়া শেষ করতে হবে। | শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান অনুবিভাগ, এনটিআরসিএ, ঢাকা। |

| | | | |
|---|---|---|---|
| ৩. সিলেবাস প্রণয়ন ও হালনাগাদ সংক্রান্ত। | জনবল কাঠামো ২০২১ অনুযায়ী দুটি নতুন বিষয়ে সহকারী শিক্ষক (গ্রন্থগারিক ও তথ্য বিজ্ঞান) ও প্রভাষক (গ্রন্থগারিক) এ দুটি পদের বিপরীতে দুটি বিষয়ে সিলেবাস প্রণয়ন করা হয়। এছাড়া শিক্ষক নিবন্ধন পরীক্ষায় বিদ্যমান ০৬ টি বিষয়ের প্রভাষক কম্পিউটার বিজ্ঞান, পদার্থ বিজ্ঞান, রসায়ন, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান ও গণিত বিষয়ে সিলেবাস হালনাগাদকরণের জন্য গত ০৭/১১/২০২১ খ্রি: তারিখে অনুমোদনের জন্য শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | সিলেবাস হালনাগাদ সম্পর্কিত অনুমোদনের বিষয়ে মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | উপপরিচালক, পাঠ্যসুচী প্রনয়ন, শিক্ষাতত্ত্ব ও শিক্ষ্যামান অনুবিভাগ, এনটিআরসিএ, ঢাকা। |
| | ১. শিক্ষক নিবন্ধন পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশ ও প্রার্থীর নিকট থেকে অনলাইনে আবেদন গ্রহণ;<br>২. প্রার্থীদের প্রিলিমিনারি, লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ, ফলাফল প্রকাশ ও সনদপত্র প্রদান;<br>৩. সেসিপ এর শূন্য পদে নিয়োগের জন্য বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান থেকে অধিযাচন গ্রহণ ও প্রকাশ;<br>৪. ৩য় চক্র শিক্ষক নিয়োগের জন্য | | |

| | | | |
|---|---|---|---|
| ৪. ২০২১-২২ অর্থবছরের সম্ভাব্য প্রধান অগ্রগতি সম্পর্কে আলোচনা। | নিবন্ধন সনদধারী আগ্রহী প্রার্থীদের নিকট থেকে আবেদন গ্রহণ, যাচাই বাছাইকরণ, মেধা তালিকা প্রণয়ন ও নিয়োগের সুপারিশের জন্য প্রাথমিকভাবে নির্বাচন;<br>৫. Database সংরক্ষণ ও হালনাগাদকরণ এবং বার্ষিক প্রতিবেদন প্রকাশ;<br>৬. কর্মচারীদের পদ সংরক্ষণ, স্থায়ীকরণ, শূন্য পদের বিপরীতে জনবল নিয়োগ ও প্রয়োজনীয় ক্ষেত্রে নতুন পদ সৃষ্টির ব্যবস্থাকরণ, সাংগঠনিক কাঠামো অনুমোদন, যানবাহন ও অফিস সরঞ্জামাদি টিওএন্ডই’তে অন্তর্ভূক্তকরণ এবং স্থায়ী অফিস স্থাপন। | ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। | সকল অনুবিভাগ, এনটিআরসিএ, ঢাকা |

| | | | |
|---|---|---|---|
| ৫. প্রশাসনিক কার্যক্রমে স্বচ্ছতা ও দক্ষতা নিশ্চিতকরণ। | সভায় প্রশাসনিক কার্যক্রমে স্বচ্ছতা ও দক্ষতা নিশ্চিতকরণের জন্য বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয়। এ ছাড়া এনটিআরসিএ কর্তৃক সম্পাদিত এপিএ-এর সকল ত্রৈমাসিক রিপোর্ট যথাসময়ে ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা করতে হবে। অত্র অফিসের এপিএ টিমের মাসিক সভা নিয়মিত অনুষ্ঠিত হওয়ার কথা সভায় আলোচনা করা হয়। এনটিআরসিএ'র সামগ্রিক অফিসিয়াল কার্যক্রম ই-নথিতে সম্পন্ন করার জোর তাগিদ সভায় প্রদান করা হয় এবং মোট নথির শতকরা ৮০ ভাগ কাজ ই-নথিতে সম্পন্ন করতে হবে। কর্মসম্পাদন সূচকের মান অর্জন করার লক্ষ্যে কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। | বার্ষিক কর্মসম্পাদনের বিভিন্ন ক্ষেত্রে প্রশাসনিক কার্যক্রমে স্বচ্ছতা এবং দক্ষতা নিশ্চিত করতে হবে। | সকল অনুবিভাগ, এনটিআরসিএ, ঢাকা। |


| | | | |
|---|---|---|---|
| ৬. আর্থিক ও সম্পদ ব্যবস্থার উন্নয়নে অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রম। | APA সূচকের মান শতভাগ ধরে রাখতে সম্পদ ব্যবস্থায় উন্নয়নে অডিট আপত্তি ও নিষ্পত্তি কার্যক্রম সুষ্ঠভাবে করার বিষয়ে সভায় তাগিদ দেয়া হয়।<br><br>সভাপতি সভাতে অবহিত করেন যে, ২০১৩-২০১৪ অর্থবছরের অদ্যাবধি পর্যন্ত মোট ৫৪ টি অডিট আপত্তি ছিল। যার মধ্যে ১৮ টি নিষ্পত্তি হয়েছে। আরও ৩৬ টি অডিট আপত্তি বিদ্যমান রয়েছে। পরবর্তীতে আরো ১৭টি অডিট আপত্তি নিষ্পত্তি হয়েছে। তাছাড়া দ্বিপক্ষিয় ও ত্রিপাক্ষিক সভার মাধ্যমে দীর্ঘদিন অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট দপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে। যা বর্তমান চলমান প্রক্রিয়ায় আছে। | সম্ভাব্য দ্রুত সময়ে অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে দ্বিপাক্ষিক ও ত্রি-পাক্ষিক সভার আয়োজন করে অডিট আপত্তি নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে। | প্রশাসন ও অর্থ অনুবিভাগ, এনটিআরসিএ |

| | | | |
|---|---|---|---|
| ৭. সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন। | ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে বিভিন্ন উদ্ভাবনী ও সংস্কারমূলক উদ্যোগ, ডিজিটাইজেশন, ডিজিটাল সেবা প্রদানে এনটিআরসিএ সব সময়ই অগ্রগামী ভূমিকা পালন করে আসছে বলে সভায় আলোচনা করা হয়। সেবা প্রত্যাশীদের সেবা সহজীকরণে এনটিআরসিএ কর্তৃক বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। | APA প্রণয়নে ডিজিটাল সেবা চালুর বিষয় সিদ্ধান্ত গৃহীত হয় এবং ১৫/১২/২০২১ তারিখে এ বিষয়টি হালনাগাদ করতে হবে। | ফোকাল পয়েন্ট, সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন, এনটিআরসিএ, ঢাকা। |
| ৮. অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন। | সেবা প্রত্যাশীদের সেবা প্রদানে কোন রকমের গাফিলতির পরিপ্রেক্ষিতে যদি সেবা কার্যক্রম ব্যাহত হয় এবং কোন অভিযোগ আসে তবে সে ক্ষেত্রে এনটিআরসিএ কর্তৃপক্ষ তা আলোচনা করে প্রতিকারের ব্যবস্থা গ্রহণ করবে। যাতে সেবাগ্রহীতা তার অভিযোগের সুষ্ঠু সমাধান পান। এ বিষয়ে এনটিআরসিএ-এর প্রশাসন টিম অভিযোগের বিষয়ে অবহিত হয়ে সেবা প্রত্যাশীদের সমস্যা সমাধানের ব্যবস্থা গ্রহণ করার বিষয় নিয়ে আলোচনা হয়। | অভিযোগ প্রতিকার বিষয়ে স্টেক হোল্ডারদের সাথে ভার্চুয়াল সভার আয়োজন করতে হবে। | অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন ফোকাল পয়েন্ট, এনটিআরসিএ, ঢাকা। |

| | | | |
|---|---|---|---|
| ৯. সেবা প্রত্যাশীদের জন্য নতুন ডিজিটাল সেবা চালুকরণ। | কর্মসম্পাদন সূচকের মান শতভাগ পূরণে কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধিকল্পে এনটিআরসিএ কর্তৃক সেবা প্রত্যাশীদের জন্য নতুন ডিজিটাল সেবা চালু করা হয়েছে-<br>(ক) পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন অনুবিভাগের অধীনে সনদ সংশোধনে ডিজিটাল পদ্ধতি চালু করা হয়েছে;<br>(খ) ডুপ্লিকেট সনদে ডিজিটাল ব্যবস্থা চালু হয়েছে।<br>উপরোক্ত লক্ষ্যপূরণে সেবা প্রত্যাশীদের সেবা সহজীকরণের জন্য- বিশেষ করে যারা প্রশ্ন প্রণয়ন করেন তাদের নগদ টাকা প্রদানের মাধ্যমে সেবা সহজীকরণ করা হয়েছে। | সেবা প্রত্যাশীদের জন্য নতুন ডিজিটাল সেবা চালু করতে হবে। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্ম পরিকল্পনা বাস্তবায়ন ফোকাল পয়েন্ট, এনটিআরসিএ। |

| | | | |
|---|---|---|---|
| ১০. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমে বাস্তবায়ন জোরদারকরণ। | সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণে বিভিন্ন কমিটি গঠনের বিষয়ে সভায় আলোচিত হয়। বিভিন্ন কমিটির মধ্যে ইতোমধ্যে শুদ্ধাচার কমিটি গঠন করা হয়েছে। ই-গভর্ন্যান্স বা উদ্ভাবন পরিকল্পনার বাস্তবায়নে Innovation কমিটিও গঠন করা হয়েছে, অভিযোগ প্রতিকার ব্যবস্থা কমিটি (অনিক), তথ্য অধিকার এবং সেবা প্রদান প্রতিশ্রুতি কমিটি গঠন করা হয়েছে। কমিটিগুলো নিয়মিতভাবে সভা আয়োজন করছে এবং লক্ষ্যে কাজ করে যাচ্ছে। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শূন্য পদে শিক্ষক নিয়োগের লক্ষ্যে ই-রিজিষ্ট্রেশন, ই-রিকুইজিশন যথাযথভাবে প্রদানের জন্য মাঠ পর্যায়ের বিভিন্ন জেলা Stock holder-দের সাথে মতবিনিময় সভা করার জন্য আলোচনা হয়। | সুশাসন ও নির্ভুল নিয়োগ সুপারিশ করণের জন্য ই-রিকুইজিশন সঠিকভাবে প্রদানের লক্ষ্যে মাঠ পর্যায়ের Stock holder-দের সাথে মতবিনিময়ের উদ্দেশ্যে বিভিন্ন জেলা পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন ও অর্থ অনুবিভাগ , এনটিআরসিএ, ঢাকা। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




এ এস এম জাকির হোসেন
সদস্য (প্রশাসন ও অর্থ )

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০১১.১৩.০০১.২০.৫১

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪২৮
১২ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সদস্য (প্রশাসন ও অর্থ ), সদস্য (প্রশাসন ও অর্থ) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
২) সদস্য (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন) , সদস্য (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
৩) সদস্য (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) (অতিরিক্ত দায়িত্ব), সদস্য (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
৪) পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন), পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
৫) সচিব , সচিব এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
৬) পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান), পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
৭) উপপরিচালক (প্রশাসন ও অর্থ), উপপরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
৮) উপপরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন), উপপরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
৯) সহকারী পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন-১), বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
১০) সহকারী পরিচালক (প্রশাসন), উপপরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
১১) সহকারী পরিচালক (শিক্ষা তত্ত্ব ও শিক্ষা মান-২) , উপপরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
১২) সহকারী পরিচালক, প্রশাসন (ক্রয় ও সেবা), উপপরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
১৩) সহকারী পরিচালক, প্রশাসন (সমন্বয়), উপপরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
১৪) সহকারী পরিচালক (হি. নি.), উপপরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
১৫) পি.এ টু চেয়ারম্যন , চেয়ারম্যান এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।



মোঃ শাহীন আলম চৌধুরী

উপপরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)